



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং-বশিবো/জেএসসি(০২)/২০২১/২৭৮৮


তারিখ-০২/০৯/২০২১ খ্রি.

বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ, মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, জে,এস,সি ২০২১ এর নিবন্ধিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েব সাইটের www.barisalboard.gov.bd প্যানেল লিংকে প্রকাশ করা হয়েছে। চূড়ান্ত তালিকা Download করে প্রিন্টেড কপি বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। একই সাথে প্যানেল লিংকে নিবন্ধন তালিকায় যদি কোন শিক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, বিষয় কোড, সেক্স কোড, শিফট, মিডিয়াম, সেকশন ও ছবি -এ ভুল থাকে তাহলে প্যানেল লিংক Login করে ০৫-০৯-২০২১ খ্রি. থেকে ১২-০৯-২০২১ খ্রি. পর্যন্ত সংশোধন করার জন্য অনুরোধ করা হলো। উল্লিখিত সংশোধনের জন্য শিক্ষার্থীদের নিকট কোন প্রকার ফি ধার্য করা যাবে না।

উল্লেখ্য, শিক্ষার্থীদের উপরোল্লিখিত সংশোধন কেবল অনলাইনেই করতে হবে। ম্যানুয়াল পদ্ধতিতে (প্রিন্টেড কপিতে) সংশোধন গ্রহণ যোগ্য হবেনা। উল্লিখিত সময়সীমার পরে সকল প্রকার সংশোধনের জন্য বিধি মোতাবেক ফি প্রযোজ্য হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


০২-০৯-২০২১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল

অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত

মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৫। পি,এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৬। সংরক্ষণ নথি